

## 🔳 আল-আহ্যাব | Al-Ahzab | الْأَحْزَاب

আয়াতঃ ৩৩ : ২৬

## **া** আরবি মূল আয়াত:

وَ أَنزَلَ الَّذِينَ ظَاهَرُوهُم مِّن اَهلِ الكِتٰبِ مِن صَيَاصِيهِم وَ قَذَفَ فِي قُلُوبِهِمُ الرُّعبَ فَرِيقًا تَقتُلُونَ وَ تَاسِرُونَ فَرِيقًا ﴿٢٤﴾

## 

আর আহলে কিতাবদের মধ্যে যারা তাদের সহযোগিতা করেছিল, আল্লাহ তাদেরকে অবতরণ করালেন তাদের দুর্গসমূহ থেকে এবং তাদের অন্তরসমূহে ভীতির সঞ্চার করলেন। ফলে তোমরা হত্যা করছ একদলকে, আর বন্দী করছ অন্য দলকে। — আল-বায়ান

আর গ্রন্থধারীদের মধ্য হতে যারা তাদেরকে (অর্থাৎ সম্মিলিত কাফির বাহিনীকে) সাহায্য করেছিল তাদেরকে তিনি তাদের দূর্গ হতে নামিয়ে দিলেন এবং তাদের অন্তরে ভীতি নিক্ষেপ করলেন। তাদের কতককে তোমরা হত্যা করলে, আর কতককে করলে বন্দী। — তাইসিরুল

কিতাবীদের মধ্যে যারা তাদেরকে সাহায্য করেছিল তাদেরকে তিনি তাদের দুর্গ হতে অবতরণে বাধ্য করলেন এবং তাদের অন্তরে ভীতি সঞ্চার করলেন; ফলে তোমরা তাদের কতককে হত্যা করেছ এবং কতককে করছ বন্দী। — মুজিবুর রহমান

And He brought down those who supported them among the People of the Scripture from their fortresses and cast terror into their hearts [so that] a party you killed, and you took captive a party. — Sahih International

২৬. আর কিতাবীদের(১) মধ্যে যারা তাদেরকে সাহায্য করেছিল, তাদেরকে তিনি তাদের দূর্গ হতে অবতরণ করালেন এবং তাদের অন্তরে ভীতি সঞ্চার করলেন; তোমরা তাদের কিছু সংখ্যককে হত্যা করছি এবং কিছু সংখ্যককে করছ বন্দী।(২)

- (১) অর্থাৎ বনী কুরাইযার ইয়াহুদী সম্প্রদায়। [মুয়াস্সার]
- (২) এখানে বনু-কুরাইযার ঘটনা বিবৃত হয়েছে। বলা হয়েছে, যে সকল আহলে কিতাব সম্মিলিত শক্রবাহিনীর সহযোগিতা করেছে, আল্লাহ্ তা'আলা তাদের অন্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম ও সাহাবায়ে কেরামের প্রতি ভীতি সঞ্চার করে তাদেরকে তাদের সুরক্ষিত দুর্গ থেকে নীচে নামিয়ে দেন এবং তাদের ধন-সম্পদ ও ঘর-বাড়ি মুসলিমগণের স্বত্বভুক্ত করে দেন। [দেখুন: মুয়াস্সার]



তাফসীরে জাকারিয়া

(২৬) গ্রন্থধারীদের মধ্যে যারা ওদের পৃষ্ঠপোষকতা করেছিল তাদেরকে তিনি দুর্গ হতে অবতরণে বাধ্য করলেন এবং তাদের অন্তরে ভীতি সঞ্চার করলেন; এখন তোমরা ওদের এক দলকে হত্যা করছ এবং এক দলকে বন্দী করছ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3559

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন